

প্রতিযোগিতা

অনেক মাশুল দিয়ে তবেই
অভিজ্ঞতা সঞ্চিত হয়
বৈষয়িক স্বাচ্ছন্দ্যের কোনো কিছুই
এ সংসারে বিকোয় না সম্ভায়।
কৈশোরে তখন বাড়ন্ত বেলায়
অফুরন্ত যখন সবাকার সময়
শিক্ষায়, প্রশিক্ষায়, অভ্যাসে, অভিজ্ঞতায়
সঞ্চিত হয় সামর্থ্যের নানান মৌলিক উপায়।

তারপর ভরা যৌবনে
দিনযাপনের প্রতিক্ষণে
অর্থ, প্রতিপত্তি, ভোগ-সামগ্রী আদি
সংগ্রহের ব্যস্ত মধ্যাহ্নে
প্রশিক্ষার মৌলিক অস্ত্র হাতে জীবন
তখন বাস্তবের সম্মুখীন।
ব্যস্ততায়, কুশলতায়, প্রখর প্রতিযোগিতায়
কাটে জীবনের সুবিস্তৃতক্ষণ।

বাঁচার সুখে অর্থ ও প্রতিপত্তির সামর্থ্য
আপন সঞ্চয় নিতান্ত প্রয়োজন।
অভিজ্ঞতা বেচার বিনিময়ে তবেই
হয় প্রাপ্য ও প্রাপ্ত অর্থের উপার্জন।
বাল্যে ও কৈশোরে অনেক অনেক তপস্যায়
প্রতিযোগী দুনিয়ায় সম্ভব হয় দক্ষতা অর্জন
ভোগ-বিলাসে কিম্বা আলস্যে কেটেছে যাদের দিন
সেই নবীন উপার্জনে ঢোকে, প্রায় অস্ত্রহীন।

সাফল্যে সুরূ করেও দেখা যায়
প্রতিষ্ঠিত হতে কয়েক দশক গড়িয়ে যায়-
বাড়ী, গাড়ী, প্রয়োজনীয় ভোগসামগ্রী জোটাতে
এবং সুপরিকল্পিত পরিবারের প্রতিক্ষায়।
এ এমন পৃথিবী, প্রতিযোগী সকলে, আপামর জনতা-
কর্ম জীবন কাটে হাটে-বাটে-ঘাটে, প্রতিক্ষণ প্রতিযোগিতা
কালের প্রভাবে সময়ের অভাবে ব্যস্ত সকলে নিত্য
সহজ সরল জীবন লুপ্ত, চাহিদা সদাই বিত্ত।